17

তারিখ ..27.SEP.1991 ... ...
পৃষ্ঠা... ৮ ...কলাম... ১...

দৈনিক বাংলা

# পাঁচটি মেডিক্যাল কলেজে পেশাগত পরীক্ষা শুরু

।। মেডিক্যাল রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের নিয়ন্ত্রণাধীন ৫টি মেডিক্যাল কলেজে গতকাল থেকে পেশাগত পরীক্ষাসমূহ শুরু হয়েছে। এবারের সেপ্টেম্বর টার্মের ৪টি পেশাগত পরীক্ষার মধ্যে কেবল তৃতীয় পেশাগত পরীক্ষাই নিয়মিত সেশনের। অন্য তিনটি হচ্ছে সাপ্লিমেন্টারী পরীক্ষা।

গতকাল ১ম ও ২য় পেশাগত সাপ্লিমেন্টারী পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। তৃতীয় পেশাগত নিয়মিত পরীক্ষা শুরু হবে আগামী ২৯শে সেপ্টেম্বর থেকে।

তৃতীয় পেশাগত পরীক্ষায় অংশগ্রহণ নিয়ে ছাত্রদের মধ্যে দ্বিমতের সৃষ্টি হয়েছে। অর্ধেক সংখ্যক ছাত্র পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত নিয়েছে। তারা আগামী জানুয়ারী টার্মে পরীক্ষা দেবার সিদ্ধান্ত নিয়েছে। অপরদিকে বাকী অর্ধেক সংখ্যক ছাত্র আগামী ২৯ তারিখের পরীক্ষায় অংশ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে, এবং পরীক্ষা যাতে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়েছে। উল্লেখ্য, এর পূর্বে একাধিকবার ছাত্রদের পরীক্ষা বর্জনের কারণে বিভিন্ন পেশাগত পরীক্ষা সময়মত অনুষ্ঠিত হতে পারেনি।